

ইসলামিক প্রজাতন্ত্র ইরানে ভারতের উপরাষ্ট্রপতির সফর (22 মে, 2024)

মে 21, 2024

22 মে 2024 তারিখে ভারতের উপরাষ্ট্রপতি শ্রীজগদীপ ধনখড় ইসলামিক প্রজাতন্ত্র ইরানে সফর করবেন। 19 মে 2024-এ একটি দুর্ভাগ্যজনক হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের রাষ্ট্রপতি সাইয়েদ ইব্রাহিম রাইসি এবং পররাষ্ট্রমন্ত্রী ড. হোসেইন আমির-আব্দুল্লাহিয়ান অন্যান্য ইরানি কর্মকর্তারা মারা যান। মর্মান্তিক এই মৃত্যু ঘটনায় সমবেদনা জানাতে এক স্মরণ অনুষ্ঠানে যোগদান করবেন জগদীপ ধনখড়।

ভারতের রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ইরানের সরকার ও জনগণের প্রতি সমবেদনা জানিয়েছেন। বিদেশ মন্ত্রী 21 মে 2024 এ মর্মান্তিক ক্ষতির জন্য ভারতের সমবেদনা জানাতে নয়াদিল্লিতে ইসলামি প্রজাতন্ত্র ইরানের দূতাবাস পরিদর্শন করেন। ভারতে 21 মে 2024 মঙ্গলবার জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

নতুন দিল্লি

21 মে, 2024